169

ভোরের কাগজ

তারিখ 30 [illegible], 199[illegible]
পৃষ্ঠা ৭ কলাম ২



হঠাৎ করেই পাল্টে যায় গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চেহারা। শিক্ষকদের বিরুদ্ধে যৌন নিপীড়নের যে অভিযোগ ওঠে তা নিয়ে। হঠাৎ করেই পাল্টে যায় গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের চেহারা। শিক্ষকদের বিরুদ্ধে যৌন নিপীড়নের যে অভিযোগ ওঠে তা নিয়ে কাল মিছিল বের করে ছাত্রলীগ, ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্রঐক্য (ক... কালও তারা সমাবেশ করে (বাঁয়ে) তবে তাদের সঙ্গে একাত্মতা প্রকাশ করে

পালন করে। গণঅনশন কর্মসূচির জ
পল্টন ময়দান ব্যবহার করতে না দেওয়
প্রতিবাদে তারা হরতাল করে। হরতা
দুজন প্রাণ হারালে তাদের লাশ নিয়ে সরক
দল ও বিরোধী দল টানাটানি করে। হত্য
প্রতিবাদে আবারো হরতাল ডাকা হ
মধ্যবর্তী নির্বাচনের দাবিতে তারা সব
বিরোধী দলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্
জানায়।

নভেম্বরের ৭ তারিখ পল্টন ময়দা
খালেদা জিয়ার জনসভায় পুলিশ হাম
চালিয়ে রাজনৈতিক অঙ্গন উত্তপ্ত কর
সুযোগ করে দেয়। এর প্রতিবাদে টানা 
ঘন্টার হরতাল পালিত হয়। বিএ
আবারো সংসদ বর্জন করে। ১৫ নভে
প্রধানমন্ত্রী সম্পাদকদের সঙ্গে বৈঠ
ভবিষ্যতে আর কোনো দিন হরতাল ডাক
না বলে ঘোষণা দেন। একই সঙ্গে তি
মেয়াদ শেষে হওয়ার আগে ২০০০ সা
সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানা
বিভিন্ন মহল থেকে প্রধানমন্ত্রীর হরতাল ব
ঘোষণাকে অভিনন্দন জানানো হয়। বিরো
দলের নেত্রীর কাছ থেকেও অনুরূপ ঘোষ
আশা করা হয়। কিন্তু বিরোধী দল
আহ্বানে সাড়া দেয়নি।

নভেম্বরের শুরুতে সংসদের একাদ
অধিবেশন বসে। যথারীতি সে অধিবেশ
তিন দিনে তারা চারবার ওয়াকআউট কর
দুদিন সংসদ বর্জন করে। উপজেলা পরি
বিলের বিরোধিতা করলেও বিএনপির বি
পাসের প্রতিবাদে ওয়াকআউট না করা ছি
লক্ষাণীয় ঘটনা। পাবনা উপনির্বাচনকে কে
করে ডিসেম্বরে বিএনপি, জামাত, জাত
পার্টি এক কাতারে আসে। জাপা থে
বেরিয়ে যাওয়া কাজী জাফর-শাহ মোয়াজ্জে
বছর শেষে মূল দলে ফিরে যান। যুগ
আন্দোলনের পরিবেশ সৃষ্টি হয়। তা
আগামী বছর সরকার পতনের এক দ
দাবিতে আন্দোলনের আভাস দেয়
অপরদিকে সরকারি দল বিএনপির নেতা 
এ খালেককে দলে নিয়ে নাটকের 
দেয়। বছর শুরুতে দুজন সাংসদকে ম
বানিয়ে চমক দিলেও এস এ খালেক
দলে না রাখতে পারায় বিব্রতকর অবস্থ
পড়ে আওয়ামী লীগ।

## ...াগবৃদ্ধির কারণ

চুক্তিভিত্তিক নিয়োগ বিষয়ে ১৯
সালের ২৪ জুন জারি করা অপর 

# যৌন নিপীড়ন বিরোধী আন্দোলনে নাটকীয় মোড়

## ছাত্র সংগঠনগুলো বিচারের দাবিতে মাঠে নেমেছে, সংহতি সমাবেশে বিশ্ববিদ্যালয় শিক্ষকসহ অনেকের একাত্মতা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের ওপর শিক্ষকদের যৌন নিপীড়ন বিরোধী আন্দোলন গতকাল নাটকীয় মোড় নিয়েছে। নিপীড়ন বিরোধী ছাত্রছাত্রীদের সংহতি সমাবেশ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ বিভিন্ন সংগঠনের নেতাদের সংহতি প্রকাশের পাশাপাশি ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্রঐক্যসহ সক্রিয় সবগুলো ছাত্র সংগঠন নিপীড়ক শিক্ষকদের শাস্তির দাবি জানিয়ে মাঠে নেমেছে।

যৌন নির্যাতনকারী শিক্ষকদের শাস্তি ও আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের উপর হামলাকারীদের বিচারের দাবিতে গতকাল মঙ্গলবার ছাত্র সংগঠনগুলো ক্যাম্পাসে সমাবেশ ও মিছিল করে সামগ্রিক পরিস্থিতির জন্য কর্তৃপক্ষের উদাসীনতাকে দায়ী করে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও অন্যান্য সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দও এ আন্দোলনের সঙ্গে সংহতি প্রকাশ করেছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীর পাশের চত্বরে পুলিশ প্রহরায় গতকাল 'যৌন নিপীড়ন বিরোধী ছাত্র-ছাত্রীদের' সংহতি সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ অধ্যাপক মোজাফফর আহমেদ আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশের মধ্য দিয়ে উপাচার্যের প্রতি ইঙ্গিত করে বলেন, যদি এ বিশ্ববিদ্যালয়ের অভিভাবক সমাবেশে এসে সংহতি প্রকাশ করতেন তবে সবচেয়ে ভালো হতো।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নৃবিজ্ঞান বিভাগের অধ্যাপক আনু মোহাম্মদ বলেন, এ আন্দোলন বিশ্ববিদ্যালয়ের প্রতিরোধের ভাবমূর্তিকে উজ্জ্বল করেছে। 'ভাবমূর্তিকে সমাজে ছড়িয়ে দিতে চাই।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক মেসবাহ কামাল বলেন, এ আন্দোলন অত্যন্ত যৌক্তিক আন্দোলন। মার্কিন যুক্তরাষ্ট্রসহ পৃথিবীর বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ বিষয়ক আচরণবিধি প্রণয়ন করা হোক।

গার্মেন্টস শ্রমিক ঐক্য পরিষদের নেত্রী মোশারেফা মিশু বলেন, ভাবমূর্তির কথা যারা বলছে তারা সব নির্যাতকদের পক্ষের। তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ে এখন এমনই ভাবমূর্তি যে এখানে গার্মেন্টস কর্মীদের কুশপুত্তলিকা বানিয়ে থু থু দেওয়া হয়।

এছাড়া সমাবেশে আরো সংহতি প্রকাশ ... বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের অধ্যাপক ... নৃবিজ্ঞান বিভাগের এইচ কে আরেফিন, অর্থনীতি বিভাগের গোলাম হোসেন, লোক প্রশাসন বিভাগের মোফাজ্জল হক প্রমুখ।

লেখক, বুদ্ধিজীবী আহমদ ছফা বুয়েটের অধ্যাপক আবদুল হাসিব চৌধুরী, নটরডেম কলেজের শিক্ষিকা রাশেদা এবং ফ্যাসিবাদ বিরোধী গণতান্ত্রিক ... ছাত্র পরিষদ, ক্লিন উইমেন্স ফেডারেশন ... শ্রমিক ফেডারেশন, নারীজোট, নারী ... বিবর্তন ছাত্র ...